



THE DAILY CAMPUS

10-02-2024, Online

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে দিনব্যাপী 'ক্যারিয়ার ফেয়ার' অনুষ্ঠিত

টিমিসি রিপোর্ট | প্রকাশ: ১০ ফেব্রুয়ারি ২০২৪, ০৬:০৯ PM, আপডেট: ১০ ফেব্রুয়ারি ২০২৪, ০৭:০৮ PM



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে দিনব্যাপী 'ক্যারিয়ার ফেয়ার' অনুষ্ঠিত হয়েছে। দেশের স্বনামধন্য এবং বহুজাতিক মিলিয়ে ৮৭টি প্রতিষ্ঠান এবং তিন হাজারেরও বেশি গ্রাজুয়েট এতে অংশ নেন।

শনিবার (১০ ফেব্রুয়ারি) এক বর্ণাচা উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে এই ফেয়ার শুরু হয়। এতে অতিথি হিসেবে যোগ দেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ড এবং এপেক্সি গ্রুপের চেয়ারম্যান সৈয়দ মঞ্জুর এলাহী, বিশ্ববিদ্যালয়টির প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর, অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বাংলাদেশে মার্কিন দূতাবাসের পাবলিক অ্যাফেয়ার্স কাউন্সেলর স্টিফেন ইবেলী, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক শামস রহমান এবং বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ফারহানা ফেরদৌসী।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির এই সুন্দর আয়োজনের প্রশংসা করেন। তারা বলেন, এই আয়োজনের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর একটা সুন্দর যোগসূত্র স্থাপিত হবে। পাস করা শিক্ষার্থীরা নানান জায়গায় হয়রানির বদলে এক ছাতার নিচে বিভিন্ন ধরনের কর্পোরেট প্রতিষ্ঠানে আবেদন করার সুযোগ পাবে। পাশাপাশি প্রতিষ্ঠানগুলোর চাহিদা সম্পর্কে জেনে নিজেদের প্রস্তুত করতে পারবে।

বাংলাদেশে মার্কিন দূতাবাসের পাবলিক অ্যাফেয়ার্স কাউন্সেলর, স্টিফেন ইবেলী জানান, গত এক দশকে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের শিক্ষার্থী ভর্তির হার বেড়েছে তিন গুণ। এসব শিক্ষার্থীদের অবদানে তারা খুশি। তিনি বাংলাদেশের শিক্ষার্থীদের দৃতাবাসসহ যুক্তরাষ্ট্রের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানে বেশি বেশি চাকরির আবেদন করতে আহ্বান জানান।

মেলায় সরাসরি ক্যাম্পাস রিক্রুটমেন্টের পাশাপাশি ক্যারিয়ার উন্নয়ন ও প্রস্তুতি বিষয়ক বিভিন্ন পরামর্শও দেওয়া হয়। উদ্বোধনী অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্যরা, শিক্ষকমণ্ডলী এবং বিভিন্ন কর্পোরেট প্রতিষ্ঠানের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।